গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
www.acl.sadar.jhenaidah.gov.bd

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২৪- ৫৬৭(১০০) তারিখঃ- ২৮/০২/২০২৪ খ্রিঃ।

২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ঝিনাইদহ জেলাধীন সদর উপজেলার অন্তর্গত নিম্ন বর্ণিত ২০ একর পর্যন্ত ০১ (এক) টি জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে বাংলা ১৪৩১ হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৫/০২/২০২৪ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.৩৬১ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে প্রকৃত মৎস্যজীবী সমবায়/সংগঠনের নিকট হতে ম্যানুয়াল পদ্ধতিতে ইজারা গ্রহণের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১৪৩১ হতে ১৪৩৩ সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের নাম:

ক্রমিক নং	জলমহালের নাম	জলমহালের আয়তন (একরে)	নির্ধারিত সরকারি মূল্য (বার্ষিক)	ভ্যাট ও আয়কর
০১	চাকলাপাড়া পুকুর-১	১.০৯ একর	১০৫০০/-	বার্ষিক ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর যুক্ত হবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল।

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	সিডিউল ক্রয়ে শেষ তারিখ ২৭ ফাল্গুন, ১৪৩০ (১১ মার্চ, ২০২৪)।	উপজেলা ভূমি অফিস ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ হতে সিডিউল বিক্রয় করা হবে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত। সিডিউল মূল্য ৫০০ টাকা।
০২	২৮ ফাল্গুন, ১৪৩০ (১২ মার্চ, ২০২৪)	আবেদনের কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখ বদ্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। ২৮ ফাল্গুন, ১৪৩০ দুপুর ৩:০০ ঘটিকায় টেন্ডার বক্স উন্মুক্ত ও আবেদন যাচাই-বাছাই করা হবে।

-:নির্দেশিকা ও শর্তাবলী:-

০১) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত সৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

০২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস ঝিনাইদহ সদর, ঝিনাইদহ হতে সিডিউল ক্রয় ও বিজ্ঞপ্তি শর্তানুসারে নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে আবেদন দাখিল করতে হবে।

০৩) জলমহাল ইজারার জন্য আবেদন দাখিলের সময়সীমা, ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুন (দুপুর ২:০০ ঘটিকার মধ্যে), ১৪৩০ অফিস চলাকালীন পর্যন্ত।

০৪) আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অডারের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে **"জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন"** কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫) আবেদনপত্রের কপি দাখিলের সময় আবেদনপত্রে উদ্বৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ- এর অনুকূল আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি হলে সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র (আবেদনপত্রে উলেখিত) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। বৈধ মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা বা উপজেলা সমবায় অফিসারের নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৬) ইজারার মেয়াদ কাল বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত কার্যকর হবে এবং চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল দেয়া যাবে না এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্রের পর সয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৭) আবেদনপত্র অনুমোদন প্রাপ্তির বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোন ভাবেই ইজারার মেয়াদ কাল বর্ধনের আবেদন গ্রহনযোগ্য হবে না।

০৮) বছরের যে কোন সময় টেন্ডার আহবান করা হলেও ইজারার মেয়াদকাল ১লা বৈশাখ ১৪৩১ বাংলা সন হতেই কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা সন ১৪৩৩ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারা মূল্য এবং উক্ত ইজারা মুল্যের উপর সরকার কর্তৃক জারীকৃত বিধি মোতাবেক ১০% আয়কর ও ১৫% ভ্যাট/মুল্য সংযোজনকর ০৭(সাত) দিনের মধ্যে ট্রেজারীতে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমুহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিল সহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১০) আবেদনপত্র কেবলমাত্র ম্যানুয়ালে দাখিল করা যাবে।

১১) আবেদনপত্র সমূহ কেবল মাত্র ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যালয়ে রক্ষিত আবেদনপত্র বাক্সে দাখিল করা যাবে।

CamScanner

১২) আবেদন পত্র গ্রহনের সময় উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৫০০/- টাকা সিডি দাখিল করতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় উক্ত সিডির ফটোকপি আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্রসমূহ বিবেচনার ক্ষেত্রে মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরন করা হবে।

১৩) যে সকল আবেদনপত্র গৃহীত হবে না, সে সকল আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত জামানত আবেদনের প্রেক্ষিতে উপজেলা জলমাহল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গ্রহণের পর ফেরৎ দেয়া হবে।

১৪) প্রতিটি আবেদনপত্রের খামের উপরে জলমহালের নাম ও মৎস্যজীবী সমবায় সমিতির নাম ঠিকানা স্পষ্ঠভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্ট্রেশন সনদ, সমিতর গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী এই মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৫) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সঙ্গে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মুল্যের সঙ্গে সমম্বয় করা হবে। ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিয়াল ষ্টাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাদার কোন অবস্থাতেই জলমহাল বা এর অংশ বিশেষ সাব-লীজ প্রদান করতে পারবেন না। জলমহালের বর্তমান আয়তন এবং দখলনামায় উলেখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি তুলতে পারবেন না।

১৬) দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ করা হবে।

১৭) জলমহাল ইজারার জন্য ম্যানুয়ালে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে উপজেলা থেকে সাধারণ আবেদনের ক্ষেত্রে ১৪৩১ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সম্পন্ন করা হবে।

১৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উক্ত জলমহাল সমূহের ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ কার্যালয় (প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে) এবং sadar.jhenaidah.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২৮/০২/২০২৪

(রাজিয়া আক্তার চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭৭৪৭০০৬
ই-মেইল- .unojhenaidah@mopa.gov.bd

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২৪- ৫৬৭(১০০)

তারিখঃ- ২৮/০২/২০২৪ খ্রিঃ।

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জোষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৪, ঝিনাইদহ-২
২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিসদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৬। মেয়র, ঝিনাইদহ পৌরসভা।

অনুলিপি : (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)

১। চেয়ারম্যান--------------------------(সকল) ইউনিয়ন পরিষদ। সদর উপজেলা।
২। উপজেলা -------------------------- কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-----------------------(সকল) ইউনিয়ন ভূমি অফিস, ঝিনাইদহ সদর।
৪। সভাপতি/সম্পাদক মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ঝিনাইদহ।
৫। সহকারী প্রোগ্রামার, ঝিনাইদহ সদর উপজেলা, ঝিনাইদহ। অত্র বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। নোটিশ বোর্ড।

২৮/০২/২০২৪

(রাজিয়া আক্তার চৌধুরী)
সহকারী কমিশনার (ভূমি)(অ:দা:)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭৭৪৬০৬৫

CS CamScanner